বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি
School of Science and Technology

স্মারক: বাউবি/এসএসটি/এমপিএইচ/১৩/১৩৭/৩২৯৭(৩) তারিখ : ২৯শে এপ্রিল, ২০২০।

সম্মানিত প্রোগ্রামভিত্তিক স্টাডি কেন্দ্র সমন্বয়কারী, শিক্ষকবৃন্দ এবং প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

1. Diploma in Computer Science and Application (DCSA)
2. Bachelor of Science in Computer Science and Engineering (B.Sc in CSE)
3. Master of Disability Management and Rehabilitation (MDMR)
4. Master of Public Health (MPH)
5. Post Graduate Diploma in Medical Ultrasound (PGDMU)

বিষয়: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির চলমান প্রোগ্রামসমূহ বাউবি ও নিজস্ব তত্ত্বাবধানে এবং প্রযুক্তি নির্ভর অনলাইনের মাধ্যমে পরিচালনা করে চলমান সেমিষ্টারের কার্যক্রম সচল রাখা প্রসঙ্গে।

মহোদয়,

আমরা সকলে অবহিত আছি যে, কোভিড-১৯ ভাইরাসের কারণে করোনা রোগটি মহামারি হিসেবে সারা দেশে ছড়িয়ে পড়েছে। স্বাস্থ্য ঝুঁকির আশংকায় সরকারী নির্দেশক্রমে পরিবেশ-পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এবং লকডাউন না উঠানো পর্যন্ত দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার মতামত রয়েছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দূরশিক্ষণ পদ্ধতি ও প্রযুক্তি নির্ভর এবং সেমিষ্টার ভিত্তিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করে থাকে। এমতাবস্থায়, অনির্দিষ্ট কালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় দূরশিক্ষণ পদ্ধতিতে ঘরে বসে ও প্রযুক্তির যথাযথ ব্যবহার করে অন্যান্য স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ন্যায় অনলাইনে টিউটোরিয়াল কার্যক্রম সচল রাখার বিষয়ে বাউবি কর্তৃপক্ষ মতামত প্রদান করেছেন।

উপর্যুক্ত বিষয়ে স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির বিভিন্ন প্রোগ্রামসমূহের চলমান সেমিষ্টারের টিউটোরিয়াল ক্লাস অনলাইনে সম্পন্ন করে শিক্ষক-শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমে সম্পৃক্ত করে সেমিষ্টারের কার্যক্রম সচল রাখার জন্য বিভিন্ন প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা গ্রহন করা হচ্ছে এবং এবং এ কার্যক্রম আরও সম্প্রসারিত করার উদ্দ্যোগ নেয়া হচ্ছে, যথা -

১. স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির সকল প্রোগ্রামের মড্যুলসমূহ e-Book http://www.ebookbou.edu.bd/ ঠিকানায় রক্ষিত আছে।

২. স্কুলের সকল প্রোগ্রামের ভিডিও ক্লাস BOUTube http://www.boutube.edu.bd/ ঠিকানায় প্রচারিত হচ্ছে।

৩. স্কুলের প্রোগ্রামের মড্যুলসমূহ Mobile Apps https://www.bou.edu.bd/index.php/17-resources/82-apps ঠিকানায় e-Book এ পাওয়া যাচ্ছে।

৪. স্কুলের প্রোগ্রামের ভিডিও ক্লাসসমূহ বাউবি'র অফিসিয়াল ফেজবুক পেজ https://www.facebook.com/Bdopenuniversity/ ঠিকানায় পাওয়া যাচ্ছে।

৫. স্কুলের প্রোগ্রামের ভিডিও ক্লাসসমূহ বাউবি'র ইউটিউব চ্যানেল https://www.youtube.com/user/bdopenuniversity/playlists ঠিকানায় পাওয়া যাচ্ছে।

৬. ইতোমধ্যে বিভিন্ন স্টাডি কেন্দ্র এসএসটি'র প্রোগ্রাম ভিত্তিক ব্যক্তিগত দলগত ফেইজবুকে (Personal Facebook Group) লাইভ টিউটোরিয়াল ক্লাস পরিচালিত হচ্ছে, যা (iihs mph students & teachers), (mph-bou 2nd batch, cmud), (mdmr 3rd batch online class) (mdmr 2nd batch online class) ইত্যাদি নামে ফেইজবুক ঠিকানায় পাওয়া যাচ্ছে এবং এ প্রক্রিয়া চলমান আছে।

৭. কোন কোন স্টাডি কেন্দ্রে ব্যক্তিগত দলগত ফেইজবুকে (Personal Facebook Group) লাইভ টিউটোরিয়াল ক্লাস পরিচালনা ছাড়াও ক্লাস নোট, নিয়মিত মূল্যায়ন, কুইজ এবং বিভিন্ন একাডেমিক কার্যক্রম দিয়ে শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক বজায় রাখছেন।

৮. এছাড়াও, ZOOM Application ব্যবহার করে কোন কোন স্টাডি কেন্দ্র নিরবিচ্ছিন্নভাবে Interactive Live Tutorial Class এর মাধ্যমে MDMR, MPH এবং B.Sc in CSE প্রোগ্রামের অনলাইন ক্লাস পরিচালনা করছে এবং রেকর্ডেড ক্লাস শিক্ষার্থীদের নিকট বিতরণ করছে।

এমতাবস্থায়, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির সকল প্রোগ্রামসমূহের চলমান সেমিষ্টারের টিউটোরিয়াল কেন্দ্র সমন্বয়কারী, শিক্ষকবৃন্দ এবং সকল শিক্ষার্থীদের আহ্বান জানাচ্ছি, দেশের এই ক্রান্তিকালে নিজেদের শিক্ষাজীবন নির্ধারিত সময়ে শেষ করার লক্ষ্যে, বাউবি'র বিভিন্ন প্রযুক্তি ব্যবহার এবং ZOOM Application ব্যবহার করে অনলাইন টিউটোরিয়াল ক্লাস পরিচালনা ও অংশগ্রহণ করতে সকলে স্বচেষ্ট হই।

ইতোমধ্যে যে সকল কোর্সের সংশ্লিষ্ট সম্মানিত শিক্ষকগণ যে সকল বিষয়ে অনলাইনে পাঠদান করেছেন তার একটি কপি অথবা Soft copy সংশ্লিষ্ট স্টাডি কেন্দ্র সমন্বয়কারীর মাধ্যমে দিন, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি'র deansst2017@gmail.com ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করছি। এ বিষয়ে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

আপনাদের সার্বিক সহযোগিতা আমাদের একান্ত কাম্য, ধন্যবাদসহ,

(ডা: সরকার মোঃ নোমান)
অধ্যাপক ও ডিন
স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
মোবাইল: ০১৭২৭২১০১১০

অনুলিপি:
১। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিস বিভাগ, (সদয় অবগতির ও কার্যার্থে)।
২। সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক, (সদয় অবগতির জন্য)।
৩। সংরক্ষণ নথি।